

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(পরিবহণ শাখা)
www.supremecourt.gov.bd

স্মারক নংঃ- ৫২৬৬ (৭)


তারিখঃ ১২.০৯.২৩

অফিস আদেশ

নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্টের ১২৫ (একশত পঁচিশ) জন গাড়ী চালককে মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের অনুমোদন ক্রমে ২০২৩ সালের জানুয়ারি মাসে নতুন পোশাক প্রদান করা হয়েছে। তার পূর্বেও তাদেরকে অফিস হতে পোশাক প্রদান করা হয়েছিল। কিন্তু গাড়ী চালকগণ অফিস হতে প্রদত্ত পোশাক পরিধান করছেন না মর্মে দেখা যায়। ইতোপূর্বে তাদেরকে মৌখিকভাবে বারংবার নির্দেশ দেওয়া সত্ত্বেও তারা অফিস হতে প্রদত্ত পোশাক পরিধান করছেন না।

এমতাবস্থায়, অত্র কোর্টের সকল গাড়ীচালককে প্রশাসনিক শৃঙ্খলার স্বার্থে তাদেরকে অফিস হতে প্রদত্ত বিশেষ করে সর্বশেষ প্রদত্ত নতুন পোশাক পরিধান করে গাড়ীতে দায়িত্ব পালনের নির্দেশ প্রদান করা হলো।

গাড়ীতে দায়িত্ব পালনের সময় অফিস হতে প্রদত্ত পোশাক পরিধান না করা হলে সংশ্লিষ্ট গাড়ী চালকের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।


ডেপুটি রেজিস্ট্রার (সার্বিক)
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

- ১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৩। রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
- ৪। রেজিস্ট্রার (বিচার), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৫। অতিরিক্ত রেজিস্ট্রার/ স্পেশাল অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা(সকল)।
- ৬। ডেপুটি রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা.....(সকল)।
- ৭। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ ঢাকা। (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
- ৮। প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
- ৯। সহকারী রেজিস্ট্রার (পরিবহণ), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ।
- ১০। বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের মাননীয় বিচারপতি মহোদয়গণের ব্যক্তিগত কর্মকর্তাগণ.....(সকল)।
- ১১। বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের গাড়ী চালকগণ.....(সকল)।
- ১২। অফিস কপি।